

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪০৩

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

আরবী

وَعَنْ عَلِيّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ عِنْدَ مَضْجَعِهِ: «اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِوَجْهِكَ الْكَرِيمِ وَكَلِمَاتِكَ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا أَنْتَ آخِذٌ بناصيتهِ اللهُمَّ أَنْت تكشِفُ المغرمَ والمأثمَ اللهُمَّ لَا يُهْزَمُ جُنْدُكَ وَلَا يُخْلَفُ وَعْدُكَ وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدِّ مِنْكَ الْجَدِّ مِنْكَ الْجَدِّ مِنْكَ الْجَدُّ سُبْحَانَكَ وَبِحَمْدِكَ» . رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

২৪০৩-[২৩] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ঘুমানোর সময় বলতেন,

''আল্ল-হুম্মা ইন্নী আ'উযু বিওয়াজহিকাল কারীম, ওয়া কালিমা-তিকা তা-ম্মা-তি মিন্ শাররি মা- আন্তা আ-খিযুন বিনা-সিয়াতিহী, আল্ল-হুম্মা আন্তা তাকশিফুল মাগরামা, ওয়াল মা'সামা। আল্ল-হুম্মা লা- ইউহ্যামু জুনদুকা, ওয়ালা- ইউখলাফু ওয়া'দুকা ওয়ালা- ইয়ানফা'উ যালজাদ্দি মিনকাল জাদু। সুবহা-নাকা, ওয়াবিহাম্দিকা''

(অর্থাৎ- হে আল্লাহ! তোমার অধীনে যা আছে আমি তার অনিষ্ট হতে তোমার মহান সন্তার ও তোমার পূর্ণ কালামের স্মরণ করে আশ্রয় চাই। হে আল্লাহ! তুমিই ঋণগ্রস্ততা ও গুনাহের ভার দূর করে দাও। হে আল্লাহ! তোমার দল পরাভূত হয় না, কক্ষনো তোমার ওয়া'দা ভঙ্গ হয় না এবং কোন সম্পদশালীর সম্পদ তাকে তোমা হতে রক্ষা করতে পারে না। তোমার প্রশংসার সাথে তোমার পবিত্রতা বর্ণনা করছি।)। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৫০৫২, মু'জামুস্ সগীর লিত্ব ত্ববারানী ৯৯৮, আদ্ দা'ওয়াতুল কাবীর ৪০৫। আবূ ইসহাক একজন মুদাল্লিস রাবী।

ব্যাখ্যা



ব্যাখ্যা: (إِنِّيْ أَعُوذُ بِوَجْهِك) অর্থাৎ- আপনার সন্তার সাথে, এখানে وجه বা চেহারা বলতে সন্তাকে বুঝানো হয়েছে। যেমন- আল্লাহ তা'আলার কথা- "তার চেহারা ব্যতীত সবকিছুই ধ্বংসশীল"- (সূরা আল কাসাস ২৮ : ৮৮)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন